

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
ঢাকা

প্রেস বিজ্ঞপ্তি

স্মারক নং-জনসংযোগ/

তারিখ: ০২/৫/২০১৬ খ্রি:

আগামী ০৯ মে, ২০১৬ তারিখে ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, কাকরাইল, ঢাকায় দুর্নীতি দমন কমিশন কর্তৃক আয়োজিত 'গণশুনানি' বাস্তবায়নের জন্য আজ সকালে দুর্নীতি দমন কমিশনের প্রধান কার্যালয় প্রাক্ষে নগরব্যাপি প্রচারণার উদ্বোধন করেন কমিশনের কমিশনার ড. নাসিরউদ্দীন আহমেদ।

উদ্বোধনী অনুষ্ঠানে কমিশনার ড. নাসিরউদ্দীন আহমেদ বলেন দুর্নীতি দমন কমিশন দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যেই দেশব্যাপী গণশুনানি কার্যক্রম পরিচালনা করছে। সরকারি সেবা পাওয়া জনগণের সাংবিধানিক অধিকার। তাই জনগণ নাগরিক সনদ অনুযায়ী সেবা পাচ্ছে কি-না তা যাচাই করা হচ্ছে। তিনি বলেন বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) সম্পর্কে বিভিন্ন ধরনের অনিয়ম ও দুর্নীতির অভিযোগ কমিশনের নজরে আসে। এই সকল অনিয়ম ও দুর্নীতি নিরসনকল্পে তৃপ্তভোগীরা যাতে উন্নত সেবা পান সে বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের চেষ্টা করা হবে।

তিনি বলেন গণশুনানির মাধ্যমে তাৎক্ষণিকভাবে কিছু সমস্যা সমাধান করা হয়। এছাড়া ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে গণশুনানী কার্যক্রম তদারকি/পর্যবেক্ষণ করা হয়ে থাকে। গণশুনানির উদ্দেশ্য ধর-পাকর করা নয় বরং আলাপ-আলোচনার মাধ্যমে মানুষের সেবা প্রাপ্তি নিশ্চিত করা। বিআরটিএ অফিসে কোনো ধরনের হয়রানির শিকার হয়ে থাকলে তাদেরকে গণশুনানিতে দালিলিক তথ্যাদিসহ হাজির হয়ে অংশগ্রহণের আহবান জানান। তিনি আরও বলেন জনগণকে সচেতন করার মাধ্যমে দেশব্যাপী দুর্নীতি বিরোধী সামাজিক আন্দোলন গড়ে তোলা হবে। উদ্বোধন শেষে ড. নাসিরউদ্দীন আহমেদ গণশুনানির লিফলেট পোস্টার সাধারণ মানুষের মধ্যে বিতরণ করেন। আজ থেকে টম টম (মোড়ার গাড়ি) করে সংশ্লিষ্ট এলাকায় মাইকিং, পোস্টার লিফলেট বিতরণসহ প্রচারণা চালাবে কমিশন। এ সময় ঢাকা মহানগরের মতিঝিল, উত্তরা, গুলশান, মিরপুর, রমনা, লালবাগ, তেজগাঁও ও ওয়ারী অঞ্চলের প্রতিরোধ কমিটির প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন কমিশনার এ এফ এম আমিনুল ইসলাম, কমিশনের সচিব আবু মো: মোস্তফা কামাল, মহাপরিচালক ড. মো: শামসুল আরেফিন ও ঢাকা বিভাগীয় পরিচালক মো: নাসিম আনোয়ারসহ উপস্থিত কর্মকর্তাবৃন্দ।



০২/০৫/১৬
(শেখর কুমার ভট্টাচার্য্য)

উপপরিচালক

ও

জনসংযোগ কর্মকর্তা
দুর্নীতি দমন কমিশন।